অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/14/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নির্যাতিত শিশু আইন (CHILD VICTIMS ACT) স্বাক্ষর করলেন

নির্যাতিত শিশু আইন স্বাক্ষর করার প্রতিশ্রুতি পালন করলেন - যা গভর্নরের 2019 ন্যায়বিচার এজেন্ডার (2019 Justice Agenda) একটি কেন্দ্রীয় অংশ - নতুন বিধানিক অধিবেশনের প্রথম 100 দিনের মধ্যে

প্রণীত আইন শিশু নির্যাতনকারীদের ফৌজদারি ও দেওয়ানি আইন অনুযায়ী দায়বদ্ধ করা নিশ্চিত করে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে নির্যাতিত শিশু আইনকে আইন হিসেবে স্বাক্ষর করার তার প্রতিশ্রুতি পূরণ করলেন, যা 2019 ন্যায়বিচার এজেন্ডার একটি মুখ্য উপাদান, এটি তিনি করলেন নতুন বিধানিক অধিবেশনের প্রথম 100 দিনের মধ্যে। এই আইনটি শিশু নির্যাতনকারীদের ফৌজদারি ও দেওয়ানি আইন অনুযায়ী দায়ী করা নিশ্চিত করে এবং আরও নিশ্চিত করে যে শৈশবে যারা যৌন নির্যাতনের শিকার হয়েছেন তারা ন্যায়বিচারের একটি পথ পাবেন। গত বিধানসভার অধিবেশনে গভর্নর কুওমো চাইল্ড ভিক্টিমস অ্যাক্ট পাস করার পক্ষে বক্তব্য রাখেন কিন্তু সেনেটের রিপাবলিকানরা ভোট প্রদানের জন্য এটি পেশ করতে অস্বীকার করেন।

"আমরা আজ এখানে আছি কারণ বেঁচে থাকা ব্যক্তিরা যারা অবিশ্বাস্য কষ্টভোগ করেছেন, তাঁরা অনেক সাহস নিয়ে এগিয়ে এসেছিলেন এবং অন্যদের জন্য পরিবর্তন আনতে তাদের নিজস্ব গোপনীয়তা উৎসর্গ করেছিলেন", **গভর্নর কুওমো বলেছেন।** "এই বিলটি এমন লোকদের বিচার করে, যারা নির্যাতিত হয়েছিল, এবং সেইসব ভুলগুলিকে শুদ্ধ করে যা দীর্ঘদিন ধরে অজ্ঞাত এবং শাস্তির বাইরে ছিল. এই বিলটি স্বাক্ষর করে আমরা বলছি যে কেউ আইনের উপরে নেই, কর্তৃপক্ষের পোশাকটি অযৌক্তিক নয়, এবং যদি আপনি আইন লঙ্ঘন করেন তবে আমরা খুঁজে পাব এবং আপনাকে শাস্তি দেওয়া হবে এবং ন্যায়বিচার করা হবে।"

"অপ্রয়োজনীয় বিলম্বের অনেক বছর পর, নির্যাতিত শিশু আইন (Child Victims Act) অবশেষে বাস্তবায়িত হয়েছে এবং অসংখ্য নিউ ইয়র্কবাসীদের জন্য ন্যায়বিচার আসছে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এত দীর্ঘ এবং কঠিন যুদ্ধ যারা বেঁচে আছেন তারা আমাদের ভালবাসা এবং প্রশংসার যোগ্য। এই নতুন আইনের সাথে আমরা যারা অকথ্য নির্যাতনের শিকার তাদের ক্ষমতায়ন করছি এবং যৌন শিকারিদের দায়বদ্ধ করছি।”

এই বিলটি নিউ ইয়র্কের প্রাচীন আইনগুলি সংশোধন করে যৌন নিগ্রহের শিকার শিশুদের প্রয়োজনীয় পরিত্রাণ প্রদান করবে যাতে অপরাধটি যখনই সংঘটিত হোক না কেন এই অপরাধ সংঘটনকারীদের তাদের কাজের জন্য দায়বদ্ধ করা নিশ্চিত করা যায়। বর্তমান আইনের অধীনে, শিশু যৌন নিগ্রহের অপরাধগুলি সম্পর্কে অপরাধ

সংঘটনের পাঁচ বছর পরে আর আদালতে নালিশ করা যায় না এবং এই আচরণের জন্য নিগ্রহের শিকার শিশুর 18তম জন্মদিনের তিন বছরের মধ্যে অবশ্যই দেওয়ানি মামলা করতে হয়।

এই আইন:

- সময়ের পরিমাণ বৃদ্ধি করে যে সময়ে এই অপরাধ সংঘটনকারীদের ফৌজদারিভাবে দায়বদ্ধ রাখা যেতে পারে;
- এই অপরাধগুলির শিকার ব্যক্তিদের তারা 55 বছর বয়সে পৌঁছাবার আগে যে কোনো সময় একটি দেওয়ানি মামলা শুরু করার সুযোগ দেয়;
- নিগ্রহের শিকার যেসব ব্যক্তির দাবিগুলি সময় পার হয়ে যাওয়ার কারণে বাতিল করা হয়েছে, তাদেরকে আদালতে তাদের কাজ শুরু করার জন্য এক বছরের সময়সীমা প্রদান করে;
- নাবালকের বিরুদ্ধে সংঘটিত যৌন অপরাধের জন্য একটি দাবির বিজ্ঞপ্তি দায়ের করার প্রয়োজন অপসারণ করে;
- যে সব অপরাধের সাথে নাবালকদের যৌন নিগ্রহ জড়িত সেগুলির জন্য বিচারিক প্রশিক্ষণ আবশ্যক করে;
- পুনরুজ্জীবিত মামলাগুলির সময়োচিত বিচারের জন্য আদালত প্রশাসনের দপ্তরকে (Office of Court Administration) বিধি-বিধান ঘোষণা করার অনুমোদন দেয়।

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেছেন, "যখন আমরা নির্যাতিত শিশু আইনের জন্য এই যুদ্ধে অংশগ্রহণ করি, তখন আমাদের কেউ মনে করে নি যে এটি এতো কঠিন বা এতো দীর্ঘ হতে চলেছে। এই জঘন্য অপরাধে বেঁচে যাওয়াদের পক্ষে দাঁড়ানো সরকারের দায়িত্ব। সেই কারণে সিনেটের সংখ্যাগরিষ্ঠ গণতান্ত্রিক পক্ষ বছরের পর বছর ধরে বেঁচে থাকাদের পাশাপাশি শিশু ভুক্তভোগীদের আইন পাশ করার জন্য চেষ্টা করছে এবং অপরাধীদের রক্ষা করার জন্য সবরকম বাধা দূর করার জন্যও লড়াই করছে। ন্যায়বিচার অবশেষে প্রতিষ্ঠা হচ্ছে তা নিশ্চিত করতে সিনেটর ব্র্যাড হোয়েলম্যান, স্পিকার হিস্টি এবং গভর্নর কুওমোর সাথে কাজ করার জন্য আমি গর্বিত।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "বহু বছর ধরে, সংসদ সংখ্যাগরিষ্ঠগণ শৈশব যৌন নির্যাতনের শিকারদের আদালতে তাদের দিন উপহার দেবার জন্য যুদ্ধ করেছে। এই সাহসী ব্যক্তিগণ যথেষ্ট দীর্ঘ অপেক্ষা করেছেন। আজ তারা ন্যায় বিচারের পথে এক ধাপ এগিয়ে গেলেন। আমি বিল উত্থাপক, অ্যাসেম্বলি সদস্য লিন্ডা রোজেনথালকে ধন্যবাদ জানাতে চাই তার পৃষ্ঠপোষকতা এবং আক্রান্তদের প্রতি প্রতিশ্রুতিবদ্ধতার জন্য। আমি আমার বিধানসভা বেশিরভাগ সহকর্মীকে এবং সিনেটের সংখ্যাগরিষ্ঠদের নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স ও তার সহকর্মীদের ধন্যবাদ জানাতে চাই অবশেষে এই আইনটি প্রতিষ্ঠা করতে সহায়তা করার জন্য।"

সিনেটর ব্র্যাড হলিম্যান বলেন, "বছরের পর বছর, শিশু যৌন নির্যাতনের বেঁচে থাকা ব্যক্তিরা ন্যায়বিচারের জন্য অ্যালবেনির দিকে চেয়ে ছিল এবং বছরের পর বছর, তাদের আবেদনগুলি নাকচ করা হচ্ছিল। আর না। গভর্নর কুওমোর শিশু নির্যাতনের আইনটি স্বাক্ষর করার মাধ্যমে, নিউইয়র্ক প্রদেশের শিশু যৌন নির্যাতনে বেঁচে থাকা ব্যক্তিদের অবশেষে তাদের নির্যাতনকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুযোগ এবং এমন প্রতিষ্ঠানগুলির বিরুদ্ধে ন্যায়বিচার খোঁজার সুযোগ রয়েছে যারা তাদের রক্ষা করছিল। গভর্নর কুওমোর পাশাপাশি এই যুদ্ধে অংশগ্রহণ করতে পেরে আমি খুবই গর্বিত, যিনি এই বিলকে সমর্থন করার জন্য সাহসী ও ঐতিহাসিক পদক্ষেপ গ্রহণ করেছিলেন, সিনেট লিডার এবং প্রধান কো-স্পন্সর অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স, যে

ব্যক্তিগতভাবে এক দশকের এই স্থিতিটি ভেঙ্গেছিল এবং এই বিলটি উত্থাপন করেছিলেন পুরো সিনেট গণতান্ত্রিক সম্মেলন (Senate Democratic Conference) ও অ্যাসেম্বলি সদস্য লিন্ডা রোসেনথালের পাশাপাশি। বেশির ভাগ ক্ষেত্রে অবশ্য শিশু যৌন নির্যাতনের বেঁচে থাকা ব্যক্তিরাই তাদের আত্মার প্রতিবন্ধকতা দূর করে তাদের ব্যক্তিগত গল্প ভাগ করে নেওয়ার জন্য প্রশংসা পাওয়ার যোগ্য। এই প্রক্রিয়ার মাধ্যমে, বেঁচে থাকা ব্যক্তিরা রাজ্য আইন পরিষদের সদস্যদের হৃদয় ও মন জয় করে এবং তাদের জন্যই, নিউইয়র্ক আমাদের শিশুদের জন্য একটি নিরাপদ স্থান।"

অ্যাসেম্বলি সদস্য লিন্ডা বি. রোজেনথাল বলেন, "আজ, 13 বছর দীর্ঘ এবং কঠোর লড়াইয়ের পর, আমরা শিশু যৌন নির্যাতনের বেঁচে থাকা ব্যক্তিদের জন্য বিচারের পথ বেছে নিয়েছি, এবং সম্ভবত নিরাময়ের কিছু উপায় বের করেছি। শিশু নির্যাতনের আইন (Child Victims Act) পাসের, মাধ্যমে নিউইয়র্ক স্টেটটি স্পষ্টতই সন্দেহাতীত ও শক্তিশালী একটি বার্তা প্রেরণ করে যে আমরা শিকারিদের বিরুদ্ধে বেঁচে থাকাদের সাথে দাঁড়িয়ে থাকি, তারা যতই শক্তিশালী হোক না কেন। আজ আমরা শিখি যে, সমস্ত হিরোরা কবচ পড়েন না। সাহসী নারী ও পুরুষ যারা এই বিলটি আইন হয়ে উঠতে দেখার জন্য বছরের পর বছর ধরে যুদ্ধ করেছে তারা এই প্রদেশকে সবার জন্য নিরাপদ করতে সাহায্য করেছে। আমি তাদের প্রত্যেককে তাদের সাহস ও সমর্থনের জন্য ধন্যবাদ জানাই। এবং বছরের পর বছর ধরে শিশু নির্যাতনের আইনের (Child Victims Act) সাহসী সমর্থনের জন্য আমি গভর্নর কুওমো এবং আমার অ্যাসেম্বলি এবং স্টেট সিনেটের সহকর্মীদেরকে ধন্যবাদ জানাই।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন